গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কাযালয়
শান্তিগঞ্জ,সুনামগঞ্জ।

স্মারকনং- ৪১.০১.৯০২৭.০০০.১৩.০১২.১৪-১৩৬ তারিখ ঃ ৪ অক্টোবর '২০২১খ্রি:

সভার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার সমাজকল্যাণ কমিটির দ্বিমাসিক সভা আগামী ১২ অক্টোবর ২০২১খ্রি: তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান শান্তিগঞ্জ,সুনামগঞ্জ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

কমিটির সকল সম্মানীত সদস্যকে নির্ধারিত স্থান,তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৪.১০.২০২১
(তাছলিমা আক্তার লিমা)
উপজেলা সমাজসেবা অফিসার
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

সদয়জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি ঃ

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ।
৪. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ , সুনামগঞ্জ।
৫. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ , সুনামগঞ্জ।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৭. অফিস কপি।

উপজেলা পরিষদ কার্যালয়
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
সমাজকল্যাণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব নূর হোসেন
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

তারিখ : ১২অক্টোবর, ২০২১

সময় : সকাল ১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদ্যদের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা সমাজসেবা অফিসার ও সভার সদস্য-সচিব কে সভার আলোচ্য সূচি উপস্থাপনের জন্য অনুরোধ জানান। অত:পর সভায় বিস্তারিত আলাপ-আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| ক্রম: | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১। | সেবা গ্রহীতাদের জন্য অপেক্ষাগার তৈরী করা | সমাজকল্যাণ কমিটির সদস্যসচিব উপজেলা সমাজসেবা অফিসার জনাব তাছলিমা আক্তার লিমা জানান, উপজেলা পরিষদে বিভিন্ন ধরণের সেবাগ্রহীতারা সেবা গ্রহণের জন্য আসেন এক্ষেত্রে দেখা যায় যে, বিশেষ করে উপজেলা সমাজসেবা কাযালয়ে বীরমুক্তিযোদ্ধ, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতাভোগী, প্রতিবন্ধী শিক্ষার্থী, দু:স্থ, অসহায়, ভিক্ষুক, বেদে ,হিজড়া, হরিজন ,প্রান্তিক জনগোষ্ঠী সম্প্রদায় সহ বিভিন্ন ধরণের লোকজন সেবা গ্রহণ করতে আসেন। কিন্তু তাদের বসার জন্য পযাপ্ত ব্যবস্থা নাই বিধায় সেবাগ্রহীতাদের জন্য অপেক্ষাগার এর ব্যবস্থা করা অত্যন্ত প্রয়োজন। | আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিষয়টি উপজেলা পরিষদ এর মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। |
| ২। | মাদকাসক্তি, ইভটিজিং, সন্ত্রাস ও জঙ্গিবাদ রোধে শিক্ষার্থীও অভিভাবকদের মধ্যে সচেতনতা মূলক কাযক্রম। | সমাজকল্যাণ কমিটির সদস্যসচিব জানান, বর্তমান সময়ে মাদকাসক্তি, ইভটিজিং, সন্ত্রাস, ও জঙ্গিবাদের বিষয়টি হুমকির বিষয় হয়ে দাড়িয়েছে। তাই মাদকাসক্তি, ইভটিজিং, সন্ত্রাস, ও জঙ্গিবাদ রোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ব্যাপক হারে সচেতনতা মূলক প্রচারণা চালানোর প্রয়োজন। এক্ষেত্রে স্কুল, কলেজের শিক্ষার্থী ও অভিভাবকদেরকে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠী হিসেবে অন্তরভুক্ত করা যেতে পারে। | আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিষয়টি উপজেলা পরিষদ এর মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। |
| ৩। | শীতল পাটির সাথে জড়িত পেশাজীবি জনগোষ্ঠীর জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | শান্তিগঞ্জ উপজেলার শিমুলবাঁক ইউনিয়নের রামেশ্বরপুর গ্রামের অধিবাসীরা ঐতিহ্যগতভাবে শীতলপাটির ব্যবসার সাথে জড়িত। অত্র ইউনিয়নের ঐ গ্রামের বাসিন্দারা শীতল পাটির ব্যবসার মাধ্যমে জীবিকা নির্বাহ করে আসছে। এটা শান্তিগঞ্জ উপজেলার শিমুলবাঁক ইউনিয়নের ঐতিহ্যের পাশাপাশি পুরো বাংলাদেশের ঐতিহ্যের বড় একটা অংশ হিসেবে বিবেচিত। এদেশের চিরায়ত সংস্কৃতির সাথে শীতল পাটির ঐতিহ্য নিবিড়ভাবে জড়িত। যদি শীতলপাটির সাথে জড়িত জনগোষ্ঠীকে শীতলপাটি বুননের উপর দক্ষতাউন্নয়ন প্রশিক্ষণ দেওয়া যায় তাহলে তাদের পেশার ক্ষেত্রটি আরো সমৃদ্ধ হবে। এতে উপজেলার ঐতিহ্য ও | শীতল পাটি যেহেতু একই সঙ্গে কারু ও লোকশিল্প এটি প্রান্তিক মানুষের শিল্প চর্চার পরিচয় বহন করছে। এই শিল্পের সাথে জড়িত জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের প্রস্তাবটি উপজেলা পরিষদ এর মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সংস্কৃতির ধারক ও বাহক হিসেবে ইতিবাচক ভূমিকা পালনের ফলে স্থানীয় উদ্যোক্তা তৈরীর পাশাপাশি নতুন কর্মসংস্থান সৃষ্টি সম্ভব হবে। এছাড়া শীতলপাটি যেহেতু রপ্তানিযোগ্য পণ্য এর ফলে এটি দ্বারা বৈদেশিক মুদ্রা অর্জন করা যাবে। যা দেশের সামগ্রিক উন্নয়নে ভূমিকা পালন করবে। উপযুক্ত প্রচার ও প্রসারের মাধ্যমে শীতল পাটি ই-কমার্স সেক্টরে সম্ভাবনার এক নতুন দিগন্ত উন্মোচন করতে পারে। | | |

পরিশেষে আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( নূর হোসেন)
সভাপতি
সমাজকল্যাণ কমিটি
ও
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারকনং–৪১.০১.৯০২৭.০০০.০৬.০০৩.১৪ – ৮৮তারিখ : ১২ অক্টোবর , ২০২১ খ্রি:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ।
৪. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৫. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৬. ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ,সুনামগঞ্জ।
৭. চেয়ারম্যান, ..........................ইউ/পি,শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৮. অফিস কপি।

১২.১০.২০২১
( তাছলিমা আক্তার লিমা )
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্যসচিব
সমাজকল্যাণ কমিটি
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

## সমাজকল্যাণ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভার উপস্থিতির স্বাক্ষর

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, সভার তারিখ : ১২ অক্টোবর, ২০২১

| ক্রম: | নাম ও পদবী | কমিটির পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | জনাব, নুর হোসেন, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। | সভাপতি | ০১৭২২৪৪১৮৭৪ | |
| ০২. | জনাব, মো: মাসুদ মিয়া, চেয়ারম্যান জয়কলস ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। | সদস্য | ০১৭৪০৯২৬৬৪৬ | |
| ০৩. | জনাব, মো: মনির উদ্দিন, চেয়ারম্যান দরগাপাশা ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। | সদস্য | ০১৭৪০৫৪০৪১৬ | |
| ০৪. | জনাব, মো: সফিকুল ইসলাম, চেয়ারম্যান পশ্চিম বীরগাঁও ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। | সদস্য | ০১৭১৯০১১১৯০ | |
| ০৫ | জনাব তাছলিমা আক্তার লিমা উপজেলা সমাজসেবা অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। | সদস্য সচিব | ০১৯১৫৫৪৬৫৭৬ | |